

১০০০০
৪৬

রাষ্ট্রপতির তথ্য উপদেষ্টার পছন্দের প্রকাশনীর বই পাঠ্য করার নির্দেশ!

স্টাফ রিপোর্টার, নারায়ণগঞ্জ। প্রতিদ্বন্দ্বীত মর্যাদায় নিযুক্ত রাষ্ট্রপতির তথ্য উপদেষ্টার পছন্দের প্রকাশনীর বই পাঠ্য করতে কুলগুলোকে নির্দেশ দিয়েছে স্থানীয় প্রশাসন। এতে বিরুদ্ধতার পরিহিতিতে পড়েছেন কুল প্রধানরা। অনেক কুলের বুক সিষ্ট প্রকাশ করতে দেয়ি হচ্ছে। ইতোমধ্যে যেসব কুল ছাত্রছাত্রীদের মধ্যে বুকসিষ্ট বিতরণ করেছে, তাদেরও চাপ দেয়া হচ্ছে সেগুলো অত্যাচার করে রাষ্ট্রপতির তথ্য উপদেষ্টার পছন্দের প্রকাশনীর বইয়ের নাম অন্তর্ভুক্ত করে নতুন বুকসিষ্ট প্রকাশ করতে। এদিকে নারায়ণগঞ্জ শহরের সোফালতোলাতে নিময় প্রকাশনীর কোন বই খুঁজে পাওয়া যায়নি। অনেক দোকানি এই প্রকাশনীর নাম পর্যন্ত শোনেননি।

নারায়ণগঞ্জ শহর, ফতুল্লা ও সিদ্ধিরগঞ্জ থানা এলাকায় অবস্থিত বিভিন্ন কুলের প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির সদস্যরা জানিয়েছেন, গত ৮ জানুয়ারি অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) অফিস থেকে কুলে কুলে ফোন করে তাদের নির্দেশ দেয়া হয় ষষ্ঠ থেকে নবম শ্রেণী পর্যন্ত বোর্ডের বইয়ের বাইরে যেসব বই পাঠ্য করা হয়, সেসব বই যেন নিময় প্রকাশনীর হয়। এটি রাষ্ট্রপতির তথ্য উপদেষ্টা মোখলেসুর রহমানের নির্দেশ। বইয়ের নাম লেখকের নামসহ বিস্তারিত জানাবে ঐ প্রকাশনীর লোকজন।

এ নির্দেশের আগেই শহরের অনেক কুলের বুকসিষ্ট প্রকাশ করা হয়েছে। ওসব কুলের ছাত্রছাত্রীরা বই কিনে পর্যন্ত ফেলেছে। আবার কোন কোন কুল এই নির্দেশের কারণে বুকসিষ্ট প্রকাশ করতে পারেনি।

জেলা প্রশাসনের একটি সূত্র জানিয়েছে, ৮ জানুয়ারি দুপুরে নিময় প্রকাশনীর বইপাঠ্য করার জন্য রাষ্ট্রপতির তথ্য

উপদেষ্টা মোখলেসুর রহমানের সুপারিশ সংবলিত একটি চিঠি নিয়ে ঐ প্রতিষ্ঠানের এক পোক জেলা প্রশাসকের কাছে আসে। জেলা প্রশাসক চিঠিটি অতিরিক্ত জেলা প্রশাসককে (শিক্ষা) পাঠান। পরে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) দফতর থেকে শহর ও পার্শ্ববর্তী এলাকার কুলগুলোতে ফোন করে নির্দেশটি জানানো হয়। এ ছাড়া নারায়ণগঞ্জের বিভিন্ন উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত নির্দেশ পাঠানো হয়।

বৃহস্পতিবার পর্যন্ত নারায়ণগঞ্জ শহরের বিভিন্ন দোকানে নিময় প্রকাশনীর কোন বই খুঁজে পাওয়া যায়নি। অনেক

প্রশাসনের চিঠিতে কুল কর্তৃপক্ষ বিবৃত

দোকানি নিময় প্রকাশনীর নাম পর্যন্ত শোনেননি। এ নিয়ে কুল কর্তৃপক্ষ বিপাকে পড়েছে। এ প্রকাশনীর বইয়ের মান সম্পর্কেও ওয়াকিফহাল নন।

নারায়ণগঞ্জ শহরের বই ব্যকসায়ীরা জানিয়েছেন, বোর্ডের বইয়ের বাইরে ষষ্ঠ থেকে নবম শ্রেণী পর্যন্ত বাংলা, ইংরেজী ব্যাকরণ ও সহপাঠের বইয়ের নাম বুকসিষ্টে অন্তর্ভুক্ত করা হয়। শুধু নারায়ণগঞ্জ শহরেই প্রায় ৩০ লাখ টাকার এসব বই বিক্রি হয়।

সোনারগাঁও উপজেলা নির্বাহী কর্মকর্তা ওবায়দুর রহমান জানান আমি এ রকম একটি চিঠি পেয়েছি। তবে চিঠিতে বলা হয়েছে যদি বইটি ভাল হয়, তবেই পাঠ্য করতে। পাঠ্য করতেই হবে এমন কোন বাধ্যবাধকতা নেই।